গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.ictd.gov.bd

# স্মার্ট বাংলাদেশ দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব জুনাইদ আহ্‌মেদ পলক এমপি<br>মাননীয় প্রতিমন্ত্রী |
| সভার তারিখ | : | ০৩/০৮/২০২৩ খ্রি. |
| সভার সময় | : | বিকাল ৪.০০ টা |
| স্থান | : | জুম প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | : | জুম অনলাইন প্ল্যাটফর্ম (জুম আইডিঃ ৩৬৩ ৬২০ ৩৩৮১) |

সভাপতি অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানান। তিনি ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের যুগান্তকারী পদক্ষেপ গ্রহণের জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি এবং প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ-কে ধন্যবাদ জানান। জনাব মোঃ সামসুল আরেফিন, সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ স্মার্ট বাংলাদেশ দিবস ২০২৩ এর কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। জনাব মোঃ মোস্তফা কামাল, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর জানান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ২০১৭ সাল হতে ডিজিটাল বাংলাদেশ দিবস উদযাপন করে আসছে। ডিজিটাল বাংলাদেশ দিবস উপলক্ষ্যে প্রতি বছর জাতীয় এবং জেলা পর্যায়ে সরকারি ও বেসরকারি পর্যায়ে সাধারণ ও কারিগরি ক্ষেত্রে শ্রেষ্ঠ ব্যক্তি, দল ও প্রতিষ্ঠান-কে অনুপ্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে যথাক্রমে ১২টি করে মোট ২৪টি ক্ষেত্রে ডিজিটাল বাংলাদেশ পুরস্কার প্রদান করা হয়। এ বছর প্রথমবারের মত সারা দেশে ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্যে দিয়ে স্মার্ট বাংলাদেশ দিবস উদযাপন করা হবে। জনাব এস, এ, এম, রফিকুন্নবী, অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর সভায় স্মার্ট বাংলাদেশ দিবস ৫-৭ অক্টোবর ২০২৩ উদযাপনের নিমিত্ত গৃহীত কর্মসূচির বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনা এবং পর্যালোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ


**আলোচনা ও সিদ্ধান্ত:**

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| (১) | স্মার্ট বাংলাদেশ দিবস ২০২৩ এর লোগো ও প্রতিপাদ্য নির্ধারণ | (১.১) স্মার্ট বাংলাদেশ দিবস ২০২৩ এর লোগো ও প্রতিপাদ্য নির্ধারণের নিমিত্ত ১২ সদস্য বিশিষ্ট নিম্নরূপভাবে উপ-কমিটি গঠনের বিষয়ে সভায় আলোচনা হয়:<br>১) অতিরিক্ত সচিব (অর্গানাইজেশনাল সাপোর্ট অনুবিভাগ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-সভাপতি<br>২) প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম-সদস্য<br>৩) উপ-সচিব (পরিকল্পনা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ -সদস্য<br>৪) জনাব সামি আহমেদ, সদস্য, পরিচালনা পর্ষদ এবং ব্যবস্থাপনা পরিচালক, স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড-সদস্য<br>৫) উপপরিচালক (প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর-সদস্য<br>৬) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-সদস্য | (১.১) গঠিত উপ-কমিটি দ্রুত মিটিং করে লোগো এবং প্রতিপাদ্য নির্ধারণ করবে। | ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>২) প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম<br>৩) গঠিত উপ-কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৭) জনাব হাসান বেনাউল ইসলাম, স্যোশাল মিডিয়া ও ব্রান্ড স্পেশালিস্ট, (EDGE)-সদস্য<br>৮) জনাব অজিত কুমার সরকার, কমিউনিকেশন স্পেশালিস্ট, (EDGE)-সদস্য<br>৯) মিজ পূরবী মতিন, এসডি মিডিয়া ম্যানেজার, এসপায়্যার টু ইনোভেট (এটুআই প্রোগ্রাম)-সদস্য<br>১০) প্রতিনিধি, সেন্টার ফর রিসার্চ এন্ড ইনফরমেশন (সিআরআই)-সদস্য<br>১১) জনাব সাদাত রহমান, আন্তর্জাতিক শিশু শান্তি পুরস্কার প্রাপ্ত-সদস্য<br>১২) পরিচালক (অর্থ ও প্রশাসন) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর- সদস্য-সচিব<br><br>(১.২) বর্ণিত উপ-কমিটি দ্রুত মিটিং করে লোগো এবং প্রতিপাদ্য নির্ধারণ করার বিষয়ে আলোচনা হয়। | | |
| (২) | স্মার্ট বাংলাদেশ লোগো প্রতিযোগিতার আয়োজন | স্মার্ট বাংলাদেশের জন্য একটি লোগো তৈরির নিমিত্ত আগামী ১-৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে একটি প্রতিযোগিতা আয়োজন এবং বিজয়ীদের ৫-১০ লক্ষ টাকা পুরস্কার প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। | স্মার্ট বাংলাদেশের লোগো তৈরি করতে আগামী ১-৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে একটি প্রতিযোগিতা আয়োজন এবং বিজয়ীদের পুরস্কার প্রদান করতে হবে। | প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম |
| (৩) | ক্রোড়পত্র প্রকাশ ও বিজ্ঞাপন | স্মার্ট বাংলাদেশ দিবস ২০২৩ উপলক্ষ্যে জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র ও বিজ্ঞাপন প্রকাশের লক্ষ্যে ক্রোড়পত্র ও বিজ্ঞাপণ প্রকাশনা উপ-কমিটি এবং প্রুফ রিডিং উপ-কমিটি গঠনের বিষয়ে সভায় আলোচনা হয়। | স্মার্ট বাংলাদেশ দিবস ২০২৩ উপলক্ষ্যে জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র ও বিজ্ঞাপন প্রকাশের জন্য ক্রোড়পত্র ও বিজ্ঞাপণ প্রকাশনা উপ-কমিটি এবং সম্পাদনা এবং প্রুফ রিডিং সংক্রান্ত উপ-কমিটি গঠন করতে হবে। | ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>২) মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর<br>৩) সভাপতি, ক্রোড়পত্র প্রকাশনা উপ-কমিটি |
| (৪) | প্রচার ও ব্র্যান্ডিং | প্রচার ও ব্যান্ডিং করার নিমিত্ত নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সভায় বিস্তারিতভাবে আলোচনা হয়ঃ<br>(ক) ঢাকা শহরের গুরুত্বপূর্ণ স্থান এবং বিআইসিসিতে সজ্জাকরণ ও ব্র্যান্ডিং;<br>(খ) বিসিসি কর্তৃক প্রস্তুতকৃত সকল কনটেন্ট যেমন- Digital Card, CG, AV, TVC, OVC, Poster ইত্যাদি সামাজিক যোগাযোগ মাধ্যম (আইসিটি বিভাগ, আইসিটি অধিদপ্তর, বিসিসি, হাইটেক পার্ক, সিসিএ, ডিএসএ, এটুআই, সহযোগী সংগঠন এর ফেসবুক পেজ) ও অন্যান্য মাধ্যমে প্রচার;<br>(গ) সরকারি তথ্য বাতায়নে প্রচার;<br>(ঘ) সারাদেশে স্থাপিত এলইডি পর্দায় প্রচার;<br>(ঙ) অনলাইন ও প্রিন্ট মিডিয়ায় প্রচার;<br>(চ) খুদে বার্তা প্রেরণ;<br>(ছ) বিজ্ঞাপন ও ক্রোড়পত্র প্রকাশ; | স্বল্পব্যয়ে ব্যপক প্রচার ও ব্র্যান্ডিং করতে হবে। | ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>২) প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম<br>৩) গঠিত উপ-কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (জ) কেন্দ্রীয়ভাবে আয়োজিতব্য সকল অনুষ্ঠান মাঠপর্যায় পর্যন্ত সরাসরি সম্প্রচার;<br>ঝ) শেখ রাসেল ডিজিটাল ল্যাব, শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টারগুলোতে প্রচার ও ব্র্যান্ডিং; | | |
| (৫) | মূল অনুষ্ঠানের ভেন্যু | আগামী ৫/১০/২০২৩ তারিখে স্মার্ট বাংলাদেশ দিবস ও স্মার্ট বাংলাদেশ সামিট ২০২৩-এর উদ্বোধন ও স্মার্ট বাংলাদেশ পুরস্কার বিতরণ অনুষ্ঠানটি (মূল অনুষ্ঠান) যৌথভাবে আইসিটি অধিদপ্তর এবং বিসিসি কর্তৃক আয়োজনের জন্য ভেন্যু হিসেবে হল অব ফেম, বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি), ঢাকা ব্যবহারের বিষয়ে আলোচনা হয়। | আগামী ৫/১০/২০২৩ তারিখে স্মার্ট বাংলাদেশ দিবস ও স্মার্ট বাংলাদেশ সামিট ২০২৩-এর উদ্বোধন ও স্মার্ট বাংলাদেশ পুরস্কার বিতরণ অনুষ্ঠানটি (মূল অনুষ্ঠান) যৌথভাবে আয়োজনের জন্য ভেন্যু হিসেবে কেন্দ্র (বিআইসিসি) ব্যবহারের জন্য দিতে হবে। | ১) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল<br><br>২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| (৬) | অনলাইন কুইজ প্রতিযোগিতা ২০২৩ | (৬.১) স্মার্ট বাংলাদেশ দিবস অনলাইন কুইজ প্রতিযোগিতা ২০২৩ বিষয়ে নিম্নরূপ আলোচনা হয়ঃ<br>১) নিবন্ধন সময়সীমা: ১৬-৩০ আগস্ট ২০২৩<br>২) প্রশ্ন/কুইজ প্রণয়ন: প্রশ্নপত্র প্রণয়নের নিমিত্ত ১৭/০৮/২০২৩ থেকে ১৯/০৮/২০২৩ পর্যন্ত ০৩ দিনব্যাপী কর্মশালা আয়োজন<br>৩) প্রশ্ন/কুইজ যাচাই-বাছাই: ২০/০৮/২০২৩ থেকে ২৫/০৮/২০২৩<br>৪) প্রশ্ন/কুইজ চূড়ান্তকরণ: ২৬ আগস্ট ২০২৩<br>৫) প্ল্যাটফর্মে আপলোড ও লোড টেস্ট: ২৮ আগস্ট ২০২৩<br>৬) প্রতিযোগিতার সময়সূচি:<br>• ক-গ্রুপ (০৮-১২ বছর)-০৩/০৯/২০২৩ সময়ঃ সন্ধ্যা ৭টা থেকে রাত ০৮টা<br>• খ গ্রুপ (১৩-১৮ বছর)-০৪/০৯/২০২৩ সময়ঃ সন্ধ্যা ৭টা থেকে রাত ০৮টা<br>গ-গ্রুপ (১৯-তদুর্ধ্ব বছর)-০৫/০৯/২০২৩ সময়ঃ সন্ধ্যা ৭টা থেকে রাত ০৮টা<br><br>(৬.২) অনলাইন কুইজ প্রতিযোগিতা ২০২৩ প্রচারের নিমিত্ত বেসরকারি স্যাটেলাইট টেলিভিশন আরটিভি ও ইন্ডিপেন্ডেন্ট টিভি তে ১৭-২৫ আগস্ট ২০২৩ তারিখ পর্যন্ত স্ক্রলিং প্রচারের বিষয়ে আলোচনা হয়।<br>(৬.৩) Bdnews24.com, Banglanews24.com এবং bd-protidin নামক অনলাইন নিউজ পোর্টালসহ প্রয়োজনীয় অন্যান্য অনলাইন পত্রিকায় ১৭-২৫ আগস্ট ২০২৩ পর্যন্ত বিজ্ঞাপন প্রকাশের বিষয়ে আলোচনা হয়।<br>(৬.৪) জেলা ও উপজেলা প্রশাসন এবং জেলা ও উপজেলা আইসিটি কার্যালয়ের মাধ্যমে মাঠ পর্যায়ে ব্যাপক প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।<br>(৬.৫) অনলাইন কুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের | (৬.১) স্মার্ট বাংলাদেশ দিবস অনলাইন কুইজ প্রতিযোগিতা ২০২৩ সুষ্ঠু ও সফলভাবে আয়োজনের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:<br>১) নিবন্ধন সময়সীমা: ১-২০ সেপ্টেম্বর ২০২৩<br>২) প্রশ্ন/কুইজ প্রণয়ন: প্রশ্নপত্র প্রণয়নের নিমিত্ত ০৩-০৫ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত ০৩ দিনব্যাপী কর্মশালা আয়োজন<br>৩) প্রশ্ন/কুইজ যাচাই-বাছাই: ০৭-১০ সেপ্টেম্বর ২০২৩<br>৪) প্রশ্ন/কুইজ চূড়ান্তকরণ: ১২ সেপ্টেম্বর ২০২৩<br>৫) প্ল্যাটফর্মে প্রশ্ন/কুইজ আপলোড ও লোড টেস্ট: ১৬ সেপ্টেম্বর ২০২৩<br>৬) প্রতিযোগিতার সময়সূচি:<br>• ক-গ্রুপ (০৮-১২ বছর)-২৪/০৯/২০২৩ তারিখ সন্ধ্যা ৭টা থেকে রাত ০৮টা<br>• খ গ্রুপ (১৩-১৮ বছর)-২৫/০৯/২০২৩ তারিখ সন্ধ্যা ৭টা থেকে রাত ০৮টা<br>• গ-গ্রুপ (১৯-তদুর্ধ্ব বছর)-২৬/০৯/২০২৩ তারিখ সন্ধ্যা ৭টা থেকে রাত ০৮টা<br><br>(৬.২) অনলাইন কুইজ প্রতিযোগিতা ২০২৩ পর্যাপ্ত প্রচারের ব্যবস্থা করতে হবে। | ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br><br>২) প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম<br><br>৩) গঠিত উপ-কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নিম্নরূপ পুরস্কার প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়ঃ<br>● ১ম পুরস্কার: ল্যাপটপ কোর আই ৭, ১১ জেনারেশন<br>● ২য় পুরস্কার: ল্যাপটপ কোর আই ৭, ১০ জেনারেশন<br>● ৩য় পুরস্কার: ল্যাপটপ কোর আই ৫, ১১ জেনারেশন<br>● ৪র্থ পুরস্কার: ল্যাপটপ কোর আই ৩, ১১ জেনারেশন<br>● ৫ম-৭ম পুরস্কার: স্মার্ট ফোন<br>(৬.৬) সকল দেশীয় কোম্পানির উৎপাদিত অত্যাধুনিক মানের ল্যাপটপ ও স্মার্টফোন পুরস্কার প্রদানের বিষয়ে আলোচনা হয়। | (৬.৩) অনলাইন নিউজ পোর্টালসহ প্রয়োজনীয় অন্যান্য অনলাইন পোর্টালে ০১-২০ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত বিজ্ঞাপন প্রকাশ করতে হবে।<br>(৬.৪) জেলা ও উপজেলা প্রশাসন এবং জেলা ও উপজেলা আইসিটি কার্যালয়ের মাধ্যমে মাঠ পর্যায়ে ব্যাপক প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করতে হবে।<br>(৬.৫) অনলাইন কুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের খুবই ভালো মানের পুরস্কার প্রদান করতে হবে।<br>(৬.৬) সকল দেশীয় কোম্পানির উৎপাদিত অত্যাধুনিক মানের ল্যাপটপ ও স্মার্ট ফোন পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| (৭) | অনুষ্ঠানসূচি প্রণয়ন | স্মার্ট বাংলাদেশ দিবস ও স্মার্ট বাংলাদেশ সামিট ২০২৩-এর উদ্বোধন ও স্মার্ট বাংলাদেশ পুরস্কার বিতরণ অনুষ্ঠান- এর নিম্নরূপ অনুষ্ঠানসূচি উপস্থাপন করা হয়।<br>**সকাল ০৯.০০ মিনিট** : আমন্ত্রিত অতিথিবৃন্দের আসন গ্রহণ<br>**সকাল ০৯.৩০ মিনিট** : মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ডিজিটাল বাংলাদেশের স্বপ্নপূরণ শীর্ষক তথ্যচিত্র প্রদর্শন<br>**সকাল ১০.০০ মিনিট** : মাননীয় প্রধানমন্ত্রীর আগমন ও আসন গ্রহণ<br>**সকাল ১০.০১ মিনিট** : জাতীয় সঙ্গীত পরিবেশন<br>**সকাল ১০.০৫ মিনিট** : **স্বাগত বক্তব্য:** জনাব মোঃ সামসুল আরেফিন, সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ<br>**সকাল ১০.১০ মিনিট** : **থিম সংগীত পরিবেশন:** স্মার্ট বাংলাদেশ দিবস ও স্মার্ট বাংলাদেশ সামিট ২০২৩<br>**সকাল ১০.১৫ মিনিট** : **বিশেষ অতিথির বক্তব্য:** জনাব এ কে এম রহমতুল্লাহ এমপি মাননীয় সভাপতি, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি<br>**সকাল ১০.২৫ মিনিট** : **তথ্যচিত্র প্রদর্শন:** ডিজিটাল বাংলাদেশের ধারাবাহিকতায় স্মার্ট বাংলাদেশের জয়যাত্রা<br>**সকাল ১০.৩০ মিনিট** : **সভাপতির বক্তব্য:** জনাব জুনাইদ আহমেদ পলক এমপি মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ<br>**সকাল ১০.৪০ মিনিট** : **শুভ উদ্বোধন ও ভিত্তি প্রস্তর স্থাপন:**<br>• শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার<br>• ৩০০টি 'জয় SET Center' (জয় স্মার্ট সার্ভিস অ্যান্ড | স্মার্ট বাংলাদেশ দিবস ও স্মার্ট বাংলাদেশ সামিট ২০২৩-এর উদ্বোধন ও স্মার্ট বাংলাদেশ পুরস্কার বিতরণ অনুষ্ঠান-এর প্রণীত অনুষ্ঠানসূচি অনুযায়ী সকল কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল<br>২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এমপ্লয়মেন্ট ট্রেনিং সেন্টার)-এর ভিত্তি প্রস্তর স্থাপন<br>**সকাল ১০.৪৫ মিনিট** : **পুরস্কার বিতরণ:**<br>• **স্মার্ট বাংলাদেশ পুরস্কার ২০২৩**<br>• স্মার্ট ডিস্ট্রিক্ট ইনোভেশন চ্যালেঞ্জ প্রতিযোগিতা<br>• অনলাইন কুইজ প্রতিযোগিতা<br>**সকাল ১১.১০ মিনিট** : **প্রধান অতিথির ভাষণ ও শুভ উদ্বোধন:**<br>**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি**<br>• ডিজিটাল ইন্টারঅ্যাকটিভ প্রেজেন্টেশন<br>• অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা<br>• স্মার্ট বাংলাদেশ সামিট-এর মেলা প্রাঙ্গণ পরিদর্শন | | |
| (৮) | আমন্ত্রণ পত্র প্রস্তুত | উদ্বোধনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আমন্ত্রণপত্রের নিম্নবর্ণিত খসড়া সভায় উপস্থাপন ও আলোচনা করা হয়।<br><br>আমন্ত্রণ পত্র (প্রস্তাবিত) | উদ্বোধনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আমন্ত্রণপত্রের খসড়া নমুনা অনুমোদন করা হয়। গঠিত চূড়ান্ত আমন্ত্রণপত্র অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল<br>২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| (৯) | কেন্দ্রীয় কর্মসূচি | আগামী ০৫ অক্টোবর ২০২৩ তারিখ কেন্দ্রীয়ভাবে স্মার্ট বাংলাদেশ দিবস ২০২৩ উপলক্ষ্যে নিম্নরূপ কর্মসূচি পালনের বিষয়ে সভায় আলোচনা হয়:<br>**(ক) শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন:** সকাল ০৭.০০ টায় ধানমন্ডিস্থ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ-এর মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন;<br>**(খ) বর্ণাঢ্য র‍্যালী:** সকাল ০৭.০০ টায় বিআইসিসি প্রাঙ্গণে একটি বর্ণাঢ্য র‍্যালী আয়োজন;<br>**(গ) মূল অনুষ্ঠান:** সকাল ১০.০০ টায় হল অব ফেম, বিআইসিসি, ঢাকাতে স্মার্ট বাংলাদেশ দিবস ও স্মার্ট বাংলাদেশ সামিট ২০২৩-এর "উদ্বোধন ও স্মার্ট বাংলাদেশ পুরস্কার বিতরণ অনুষ্ঠান" (মূল অনুষ্ঠান); এবং<br>**(ঘ) জাতীয় সেমিনার:** বিকাল ৩.০০ টায় হল অব ফেম, বিআইসিসি, ঢাকাতে প্রতিপাদ্য ভিত্তিক একটী জাতীয় সেমিনার আয়োজন। | (৯.১) আগামী ০৫ অক্টোবর ২০২৩ তারিখ কেন্দ্রীয়ভাবে স্মার্ট বাংলাদেশ দিবস উপলক্ষ্যে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন, বর্ণাঢ্য র‍্যালী, মূল অনুষ্ঠান আয়োজন করতে হবে।<br>(৯.২) স্মার্ট বাংলাদেশ সামিট ২০২৩-এর আওতায় বিভিন্ন সেমিনার, মিনিস্ট্রেরিয়াল কনফারেন্স থাকায় দিবস উপলক্ষ্যে আলাদাভাবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক জাতীয় সেমিনার আয়োজন করা হবে না। | ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| (১০ | জেলা ও উপজেলা পর্যায়ের কর্মসূচি | স্মার্ট বাংলাদেশ দিবস ২০২৩ উপলক্ষ্যে ০৫ অক্টোবর ২০২৩ তারিখ জেলা ও উপজেলা পর্যায়ে নিম্নরূপ কর্মসূচি পালনের বিষয়ে সভায় আলোচনা হয়:<br>**(ক) শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন:** সকাল ০৭.০০ টায় বা সুবিধাজনক সময়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর | স্মার্ট বাংলাদেশ দিবস ২০২৩ উপলক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে বর্ণিতভাবে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন, বর্ণাঢ্য র‍্যালী, মূল অনুষ্ঠান সরাসরি সম্প্রচার, সেমিনার/ | ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>২) জেলা প্রশাসক |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ-এর মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন;<br><br>(খ) বর্ণাঢ্য র‍্যালী: সকাল ০৮.০০ টায় জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের সার্বিক তত্বাবধানে বর্ণাঢ্য র‍্যালী আয়োজন;<br><br>(গ) মূল অনুষ্ঠান সরাসরি সম্প্রচার: সকাল ১০.০০ টায় হল অব ফেম, বিআইসিসি, ঢাকাতে স্মার্ট বাংলাদেশ দিবস ও স্মার্ট বাংলাদেশ সামিট ২০২৩-এর "উদ্বোধন ও স্মার্ট বাংলাদেশ পুরস্কার বিতরণ অনুষ্ঠান" (মূল অনুষ্ঠান) এলইডি বা টিভির মাধ্যমে সম্মেলন কক্ষ বা সুবিধাজনক স্থানে সরাসরি সম্প্রচারসহ সকল শেখ রাসেল ডিজিটাল ল্যাবে সরাসরি সম্প্রচার;<br><br>(ঘ) সেমিনার/আলোচনা সভা: সুবিধাজনক সময় ও স্থানে প্রতিপাদ্য ভিত্তিক বা ডিজিটাল বাংলাদেশের ধারাবাহিকতায় স্মার্ট বাংলাদেশের জয়যাত্রা শীর্ষক সেমিনার/ আলোচনা সভা আয়োজন;<br><br>(ঙ) সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারে প্রচার ও ব্র্যান্ডিং:<br>মূল অনুষ্ঠানটি এলইডি পর্দায় সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারে সরাসরি প্রচার ও ব্র্যান্ডিং ব্যবস্থাকরণ;<br><br>(চ) এছাড়া নির্মিত অডিও ভিজ্যুয়াল/টিভিসি/থিম সংগীত/স্ক্রলিং/ কর্মসূচি/ডিজিটাল বাংলাদেশ এর অর্জনসমূহ স্থাপিত এলইডিতে, স্থানীয় ক্যাবল মিডিয়ায় ও স্থানীয় পত্রিকায় প্রচার ও ব্র্যান্ডিং।</td>
<td>আলোচনা সভা আয়োজন, সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার, স্থাপিত এলইডিতে, স্থানীয় ক্যাবল মিডিয়ায় ও স্থানীয় পত্রিকায় প্রচার করতে হবে।</td>
<td>(সকল)<br><br>৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>৪) প্রোগ্রামার (সকল)<br><br>৫) সহকারী প্রোগ্রামার (সকল)<br><br>৬) গঠিত উপ-কমিটি</td>
</tr>
<tr>
<td>(১১</td>
<td>জেলা ও উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা আয়োজন</td>
<td colspan="2">দিবস উপলক্ষ্যে সংশ্লিষ্ট প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামারগণ সার্বিকভাবে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার-এর সাথে সমন্বয় পূর্বক নিম্নরুপভাবে প্রতিযোগিতা আয়োজন করতে হবে।<br>(ক) জেলা পর্যায়:
<table>
<tr><th>প্রতিযোগিতার ধরণ</th><th>বিষয়</th><th>অংশগ্রহণকারী</th></tr>
<tr><td>প্রেজেন্টেশন প্রস্তুত</td><td>ডিজিটাল বাংলাদেশের ধারাবাহিকতায় স্মার্ট বাংলাদেশের জয়যাত্রা</td><td>১৩-১৮ বছর</td></tr>
<tr><td>বেসিক প্রোগ্রামিং/ কুইজ</td><td>আইসিটি ও স্মার্ট বাংলাদেশ</td><td>৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি</td></tr>
</table>
(ক) উপজেলা পর্যায়:
<table>
<tr><th>প্রতিযোগিতার ধরণ</th><th>বিষয়</th><th>অংশগ্রহণকারী</th></tr>
<tr><td>বেসিক প্রোগ্রামিং/ কুইজ</td><td>আইসিটি, ডিজিটাল বাংলাদেশ ও স্মার্ট বাংলাদেশ</td><td>৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি</td></tr>
<tr><td>চিত্রাংকন</td><td>আমার তুলিতে স্মার্ট বাংলাদেশ</td><td>১ম হতে ৫ম শ্রেণি</td></tr>
</table>
</td>
<td>১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br><br>২) জেলা প্রশাসক (সকল)<br><br>৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>৪) প্রোগ্রামার (সকল)<br><br>৫) সহকারী প্রোগ্রামার (সকল)<br><br>৬) গঠিত উপ-কমিটি</td>
</tr>
<tr>
<td>(১২</td>
<td>স্মার্ট</td>
<td>(১২.১) সভায় স্মার্ট বাংলাদেশ পুরস্কার</td>
<td>(১২.১) স্মার্ট বাংলাদেশ পুরস্কার নীতিমালা</td>
<td>১) মহাপরিচালক,</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | বাংলাদেশ দিবস পুরস্কার ২০২৩ | নীতিমালা ২০২৩ (খসড়া) অনুসারে কেন্দ্রীয় ও জেলা পর্যায়ে সাধারণ ও কারিগরি ক্ষেত্রে শ্রেষ্ঠ ব্যক্তি, দল ও প্রতিষ্ঠান-কে ১২টি করে মোট ২৪টি পুরস্কার (ক্রেস্ট) এবং সম্মাননাপত্র, নগদ অর্থ এবং ল্যাপটপ (০৮টি ক্ষেত্রে) প্রদান করা হবে মর্মে আলোচনা হয়।<br><br>(১২.২) স্মার্ট বাংলাদেশ পুরস্কার ২০২৩ এর মনোনয়ন আহ্বান বিজ্ঞপ্তি গত ২০ জুলাই ২০২৩ তারিখে প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের লক্ষ্যে নিম্নবর্ণিত ০৬টি জাতীয় দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশ, ১০ টি অনলাইন পত্রিকা ও ৬ টি টিভি চ্যানেলে প্রচার বিষয়ে আলোচনা হয়।<br><br>(ক) ৬ টি জাতীয় পত্রিকা (বিজ্ঞপ্তি প্রকাশ)<br>১. বাংলাদেশ প্রতিদিন<br>২. জনকন্ঠ<br>৩. কালবেলা<br>৪. দেশ রূপান্তর<br>৫. ডেইলি সান<br>৬. ডেইলি ট্রাইবিউন<br>(খ) ১০টি অনলাইন নিউজ পোর্টাল প্রচার করা হয়:<br>(১) ittefaq.com.bd<br>(২) bdnews24.com<br>(৩) Techvision24.com<br>(৪) dhakatribune.com<br>(৫) bd-pratidin.com<br>(৬) banglanews24.com<br>(৭) Digibanglatech.net<br>(৮) Bd24live.com<br>(৯) Jagonews24.com এবং<br>(১০) Dailyjanakantha.com<br>(গ) ০৬ টি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল স্ক্রিলিং প্রচার করা হয়:<br>(১) ATN Bangla<br>(২) Channel I<br>(৩) Independent TV<br>(৪) Ekattor TV<br>(৫) Somoy TV<br>(৬) Desh TV<br>(ঘ) বিটিআরসি-এর মাধ্যমে খুদে বার্তা প্রেরণ: | ২০২৩ (খসড়া) দ্রুত অনুমোদন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>১২.২) স্মার্ট বাংলাদেশ পুরস্কার ২০২৩ এর মনোনয়ন আহ্বান বিজ্ঞপ্তি বর্ণিতভাবে বহুল প্রচারের ব্যবস্থা করতে হবে।<br><br>(১২.৩) নির্বিঘ্নভাবে অনলাইন প্ল্যাটফর্ম award.smartbangladesh.gov.bd-এর মাধ্যমে আবেদন দাখিল ও মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>(১২.৪) স্মার্ট বাংলাদেশ পুরস্কার-এর ক্রেস্টের ডিজাইন অপরিবর্তিত রেখে ক্রেস্টের ধরণ, গুণগত মান উন্নতকরণ এবং গত বছরের তুলনায় ক্রেস্টের ওজন হ্রাস করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(১২.৫) নিরপেক্ষতা বজায় রাখার স্বার্থে জেলা বাছাই কমিটি জেলা পর্যায়ে প্রাপ্ত আবেদন নির্ধারিত অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে ত্রুটিপূর্ণ এবং গ্রহণযোগ্য তালিকা প্রণয়ন করে কেন্দ্রীয় বাছাই কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। জেলা এবং জাতীয় পর্যায়ের প্রাপ্ত আবেদন কেন্দ্রীয় বাছাই কমিটি প্রয়োজনে এক বা একাধিক কারিগরি সাব-কমিটি/ মূল্যায়ন সাব-কমিটি গঠন করে যাচাই-বাছাই ও মূল্যায়ন সম্পন্ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br><br>২) গঠিত উপ-কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (১২.৩) award.smartbangladesh.gov.bd- এর মাধ্যমে অনলাইন আবেদন দাখিল ও মূল্যায়নের বিষয়ে আলোচনা হয়।<br>(১২.৪) সভায় স্মার্ট বাংলাদেশ পুরস্কার-এর ক্রেস্টের ডিজাইন, মাপ, ধরণ, গুণগত মান, ওজন ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>(১২.৫) পরিচালক (অর্থ ও প্রশাসন) আইসিটি অধিদপ্তর জানান, নীতিমালা অনুযায়ী জেলা বাচাই কমিটিতে জেলা প্রশাসক আহ্বায়ক, বিভিন্ন দপ্তরে কর্মকর্তাগণ সদস্য এবং অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সদস্য সচিব। জেলা প্রশাসন ও বিভিন্ন দপ্তর জেলা পর্যায়ে আবেদন করলে নিজেদের আবেদন যাচাই-বাচাই করা প্রশ্নবিদ্ধ হতে পারে মর্মে গত ০২/০৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত অবহিতকরণ সভা অতিরিক্ত জেলা প্রশাসক জানান। সভাপতি বলেন, বিগত বছর গুলোতে বিভিন্ন জেলা থেকে জেলা প্রশাসকগণ আবেদন করেছেন এবং বিভিন্ন ক্যাটাগরিতে পুরষ্কার পেয়েছেন। তিনি আরো জানান, নিরপেক্ষতা বজায় রাখার স্বার্থে গত বছরের ন্যায় এ বছরও জেলা বাছাই কমিটি জেলা পর্যায়ে প্রাপ্ত আবেদন সাধারণ ও কারিগরি পৃথক ২টি ক্ষেত্রে সরকারি ও বেসরকারি পর্যায়ে আলাদাভাবে ব্যক্তি, দল ও প্রতিষ্ঠান ক্যাটাগরিতে নির্ধারিত অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে ত্রুটিপূর্ণ এবং গ্রহণযোগ্য তালিকা প্রণয়ন করে কেন্দ্রীয় বাছাই কমিটির নিকট প্রেরণ করবেন। কেন্দ্রীয় বাছাই কমিটির জেলা ও জাতীয় পর্যায়ের প্রাপ্ত আবেদন এক বা একাধিক যাচাই-বাছাই সাব-কমিটি/কারিগরি সাব-কমিটি/মূল্যায়ন সাব-কমিটি গঠনের মাধ্যমে বাছাই সংক্রান্ত কাজ সম্পন্ন করবেন মর্মে আলোচনা হয়। | | |
| (১৩ | অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর এর কর্মসূচি | সভাপতি বলেন, ২০০৮ সালে বর্তমান সরকার রূপকল্প ২০২১: ডিজিটাল বাংলাদেশ ঘোষণা করেন। পরবর্তীতে সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন সম্পন্ন করেছে। কর্মসূচি প্রণয়ন ও নিজ অর্থায়নে বাস্তবায়নে ডিজিটাল বাংলাদেশের সফল স্বপ্নগাঁথার গল্পগুলোকে নিজস্ব আঙ্গিকে পত্রিকা, টেলিভিশন, সোশ্যাল মিডিয়া, | (১৩.১) ডিজিটাল বাংলাদেশের সফল স্বপ্নগাঁথার গল্পগুলোকে পত্রিকা, টেলিভিশন, সোশ্যাল মিডিয়া, বিলবোর্ড ইত্যাদি বিভিন্ন মাধ্যমে সর্বস্তরে প্রচারের উদ্যোগ নিতে হবে।<br>(১৩.২) নিজ কর্মসূচি প্রণয়নপূর্বক নিজ অর্থায়নে নিজস্ব ওয়েবসাইট এবং সোশ্যাল মিডিয়ায় নিজস্ব ডিজিটাল সেবা এবং কর্মকান্ডসমূহ হালনাগাদকরণ এবং প্রচারের | সিনিয়র সচিব/সচিব, (সকল) মন্ত্রণালয়/বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিলবোর্ড ইত্যাদি বিভিন্ন মাধ্যমে সর্বস্তরে প্রচারের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ও নিজস্ব ওয়েবসাইট ডিজিটাল সেবা এবং কর্মকান্ডসমূহ হালনাগাদকরণের বিষয়ে আলোচনা হয়। | প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | |
| (১৪ | সংবাদ সম্মেলন | স্মার্ট বাংলাদেশ দিবস ও স্মার্ট বাংলাদেশ সামিট ২০২৩ উপলক্ষ্যে গৃহীত সকল কার্যক্রম অবহিতকরণ ও লোগো উন্মোচনের নিমিত্ত সংবাদ সম্মেলন বিসিসি কর্তৃক আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | স্মার্ট বাংলাদেশ দিবস ও স্মার্ট বাংলাদেশ সামিট ২০২৩ উপলক্ষ্যে সকল কার্যক্রম অবহিতকরণ ও লোগো উন্মোচনের নিমিত্ত সংবাদ সম্মেলন আয়োজন করতে হবে। | ১) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল<br>২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| (১৫ | কেন্দ্রীয় উৎযাপন কমিটি ও বিভিন্ন উপ-কমিটি গঠন | সভায় কেন্দ্রীয় উৎযাপন কমিটি এবং নিম্নরূপ উপ-কমিটি গঠন বিষয়ে আলোচনা হয়।<br>১. অনুষ্ঠান, ভেন্যু ও অভ্যর্থনা উপ-কমিটি<br>২. অতিথির তালিকা প্রস্তুত, কাড বিতরণ, আসন ব্যবস্থাপনা ও আপ্যায়ন উপ-কমিটি<br>৩. নিরাপত্তা ও প্রটোকল উপ-কমিটি<br>৪. ক্রোড়পত্র প্রস্তুত ও প্রকাশনা উপ-কমিটি<br>৫. মিডিয়া, প্রচার ও ব্র্যান্ডিং উপ-কমিটি<br>৬. জাতীয় সেমিনার উপ-কমিটি<br>৭. স্মার্ট বাংলাদেশ পুরষ্কার ব্যবস্থাপনা উপ-কমিটি<br>৮. অনলাইন কুইজ প্রতিযোগিতা উপ-কমিটি<br>৯. প্রতিপাদ্য ও লোগো সংক্রান্ত উপ-কমিটি<br>১০. কনসার্ট আয়োজন উপ-কমিটি<br>১১. মাঠ পর্যায়ের কার্যক্রম মনিটরিং উপ-কমিটি | সভায় স্মার্ট বাংলাদেশ সামিট ২০২৩ উপলক্ষ্যে গঠিত উপ-কমিটির সাথে সমন্বয় পূর্বক সকল কার্যাদি সম্পন্ন করতে হবে। তবে স্মার্ট বাংলাদেশ দিবস একটি জাতীয় দিবস হওয়ায় উদ্‌যাপন কমিটি গঠনসহ নিম্নরূপ উপ-কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১. ক্রোড়পত্র প্রস্তুত ও প্রকাশনা উপ-কমিটি<br>২. প্রচার ও ব্র্যান্ডিং উপ-কমিটি<br>৩. ভেন্যুতে স্মার্ট বাংলাদেশ পুরষ্কার ২০২৩ ব্যবস্থাপনা উপ-কমিটি<br>৪. অনলাইন কুইজ প্রতিযোগিতা উপ-কমিটি<br>৫. প্রতিপাদ্য ও লোগো সংক্রান্ত উপ-কমিটি<br>৬. কনসার্ট আয়োজন উপ-কমিটি | মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| (১৬ | বাজেট ব্যয় | স্মার্ট বাংলাদেশ দিবস ২০২৩ আয়োজনের নিমিত্ত ৩৪০.৮৬ লক্ষ টাকা বাজেট ব্যয় এবং আইসিটি অধিদপ্তর প্রয়োজন অনুযায়ী খাতওয়ারী বাজেট সমন্বয় করতে পারবেন মর্মে সভায় আলোচনা হয়। | আইসিটি বিভাগ- এর অনুষ্ঠান/উৎসবাদি খাত হতে ০১ (এক) কোটি টাকা বাজেট ব্যয়ে অর্থ বিভাগ হতে সম্মতি পাওয়া গিয়েছে। সে অনুযায়ী সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। তবে প্রয়োজনে বিধি অনুযায়ী আইসিটি অধিদপ্তর খাতওয়ারী বাজেট সমন্বয় করতে পারে। | মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |

০৩। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
জুনাইদ আহ্‌মেদ পলক
মাননীয় প্রতিমন্ত্রী

নম্বর: ৫৬.০০.০০০০.০৪৯.২৯.০০৮.২৩- ১৬১/১

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩০
৩০ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়): (সদয় অবগতি ও কার্যার্থে)

১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
২) চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রন কমিশন;
৩) সিনিয়র সচিব/সচিব (সকল);
৪) দপ্তর/সংস্থা/এজেন্সি/কোম্পানি প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৫) অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৬) প্রকল্প পরিচালক (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/এজেন্সি/কোম্পানি;
৭) সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা;
৮) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা;
৯) সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস);
১০) সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কন্টাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্কো);
১১) সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস);
১২) সভাপতি, ই-কমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব);
১৩) সভাপতি, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি);
১৪) সভাপতি, আমরাই ডিজিটাল বাংলাদেশ;
১৫) প্রতিনিধি, সূচনা ফাউন্ডেশন;
১৬) প্রতিনিধি, সুচিন্তা ফাউন্ডেশন;
১৭) সভাপতি, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস);
১৮) সভাপতি, টেকনোলজি মিডিয়া গিল্ড বাংলাদেশ (টিএমজিবি);

৩০/০৮/২০২৩

তওহীদ আহমদ সজল
উপসচিব